



## সচিব মহোদয়ের জীবন বৃত্তান্ত

ডাক ও টেলিযোগাযোগ বিভাগের সচিব জনাব শ্যাম সুন্দর সিকদার ১৯৮৪ ব্যাচের প্রশাসন ক্যাডারের কর্মকর্তা। এর আগে তিনি তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সচিব হিসেবে দায়িত্ব পালন করেছেন। তাঁর সংক্ষিপ্ত জীবন ও কর্ম দেওয়া হলো :

শ্যাম সুন্দর সিকদার তৎকালীন বৃহত্তর ফরিদপুর জেলার পূর্ব-মাদারীপুরের নড়িয়া থানার লোনসিং গ্রামে জন্মগ্রহণ করেন। বর্তমানে এটি শরিয়তপুর জেলার অন্তর্গত। তার পিতার নাম-গিরেন্দ্র মোহন সিকদার, মাতার নাম-কৃষ্ণদাসী সিকদার। ৭ ভাই বোনদের মধ্যে তিনি ৩য়। মাটি-জল, খাল-নদী এবং শস্য-শ্যামল প্রকৃতি দেখে দেখে গ্রামীণ পরিবেশে তাঁর কৈশোর কেটেছে।

শিক্ষাজীবন: নিজগ্রাম দক্ষিণ লোনসিং প্রাথমিক বিদ্যালয়ে তাঁর প্রথম পাঠ শুরু। পঞ্চম শ্রেণী পর্যন্ত এই স্কুলে অধ্যয়ন। অতঃপর নড়িয়া বিহারী লাল হাই স্কুলে কিছুকাল মাধ্যমিক শিক্ষা গ্রহণ করে পরবর্তী সময়ে ফেনী মডেল হাইস্কুলে ভর্তি হন। ১৯৭৫ সালে ঐ স্কুল থেকে বিজ্ঞান বিভাগে এসএসসি পাশ করে ফেনী কলেজে ভর্তি হন এবং ১৯৭৭ সালে একই কলেজ থেকে বিজ্ঞান বিভাগে এইচএসসি এবং ১৯৭৯ সালে বিএসসি ডিগ্রি লাভ করেন। এরপর চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে পরিসংখ্যান বিভাগে ভর্তি হন এবং ১৯৮১ সালে এমএসসি ডিগ্রি অর্জন করেন। তিনি ২০০৮ সালে নর্দান বিশ্ববিদ্যালয় থেকে প্রথম শ্রেণীতে এমবিএ ডিগ্রি প্রাপ্ত হন।

কর্মজীবন : মূলত তার কর্মজীবন শুরু হয় শিক্ষাকর্তা দিয়ে। এরপর ১৯৮৪ সালে বাংলাদেশ ব্যাংকে কর্মকর্তা হিসেবে যোগদান। তিনি ১৯৮৪ সালে বিসিএস পরীক্ষায় উত্তীর্ণ হয়ে ১৯৮৬ সালে প্রশাসন ক্যাডারে যোগদান করে মাঠ পর্যায়ে এবং সরকারের গুরুত্বপূর্ণ বিভিন্ন মন্ত্রণালয়ে বিভিন্ন পদে দায়িত্ব পালন করেছেন। ২০০৫ সালে উপ-সচিব পদে পদোন্নতি পেয়ে বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষের সচিব হন। এরপর সাভারস্থ বিপিএটিসিতে পরিচালক হিসেবে যোগদান করেন। ২০০৯ সালে যুগ্ম-সচিব পদে পদোন্নতি পেয়ে সংস্থাপন মন্ত্রণালয়ের অধীনে এবং ২০১০ সালে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ে যোগদান করেন। সেখানে দায়িত্ব পালন অবস্থায় ২০১২ সালে অতিরিক্ত সচিব হিসেবে পদোন্নতি লাভ করেন এবং কিছুদিন পর গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ে দায়িত্ব পালন করেন। ২০১৩ সালে তিনি বিসিকের চেয়ারম্যান হিসেবে যোগদান করেন। এরপর ১৮/০৯/২০১৪ তারিখ হতে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সচিব হিসেবে দায়িত্ব পালন করেন এবং এ বিভাগে গত ১৯/০৩/১৭ তারিখ হতে সচিবের দায়িত্বে কর্মরত আছেন।

সাহিত্যকর্ম : তাঁর প্রকাশিত বইয়ের মধ্যে;

কবিতাঃ জলে জলে সমুদ্র, অনাহারী অতিথি কাক, অন্তরে অন্তর টানে নিরন্তর, হৃদয়ে হৃদয়ে যুদ্ধ, ভালোবাসার বেহলা, মেঘে মেঘে বিজলির চমক, নির্বাচিত ১০০ কবিতা, গোলাপের কাছে যাব, নীল খামে ডিজিটাল ভালোবাসা, ঝাঁচলে ঝাঁকে দেবো মানচিত্র।

প্রবন্ধঃ মা মাটি মানুষ ও সমকালীন প্রসঙ্গ, ডিজিটাল বাংলাদেশ: রূপকল্পের অন্তরূপ ।

মুক্তিযুদ্ধঃ একাত্তরের জীবন ও যুদ্ধ ।

গল্পঃ ভালোবাসার নির্বাসন ।

ভ্রমণঃ জাপান : ভূমিকম্পের সঙ্গে সহাবস্থান ।

ছড়াঃ ইচ্ছে ডানা,

শিক্ষামূলক গ্রন্থঃ শিশু কিশোরদের জন্য সাইবার নিরাপত্তা ও তথ্য প্রযুক্তি ব্যবহারের সতর্কতা ।

সম্পাদনা ও গবেষণাঃ রাজ্যমাটি: বৈচিত্রের ঐক্যতান,বিসিকের অতীত ,বর্তমান ও ভবিষ্যৎ ,শরিয়তপুরের ইতিবৃত্ত; বঙ্গবন্ধুর ৭ই মার্চের ভাষণঃ রাজনীতির মহাকাব্য ।